খানসামা উপজেলা পরিষদের অক্টোবর ২০১৫ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ সহিদুজ্জামান শাহ্
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, খানসামা, দিনাজপুর।

তারিখ ঃ ১৮/১০/২০১৫ খ্রিঃ।

সময় ঃ সকাল- ১০.৩০ টা।

সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

সভার প্রারম্ভে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ সাজেবুর রহমান গত ২০/০৯/২০১৫ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০২। **বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত ঃ** **(i) স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় স্বাস্থ্য বিভাগের তথ্যাদি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন ঃ-

	অনুমোদিত পদ	পুরনকৃত পদ	শুন্য পদ	মন্তব্য
১ম শ্রেণী	১৫	০৯	০৬	২ জন ডাক্তার অনঅনুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন।
২য় শ্রেণী	১১	০৫	০৬	
৩য় শ্রেণী	৮০	৬৭	১৩	
৪র্থ শ্রেণী	২১	১৭	০৪	
	১২৭	৯৮	২৯	

স্বাস্থ্য কমপ্লেক্স-এ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ মাসে অন্তঃ বহিঃ ও জরুরী বিভাগে রোগীর সেবা প্রদান নিম্নরুপ।

	পুরুষ	মহিলা শিশু	মোট
অন্তঃ বিভাগ	১৬৭	৩৯২	৫৫৯
বহিঃ বিভাগ	৪০২৪	৫৪৮৪	৯৫০৮
জরুরী বিভাগ	২৬৪	২৩৫	৪৯৯

ইপিআই কার্যক্রম ঃ পেন্টা-১-২৯১-পেন্টা-৩২৩, পেন্টা-৩-৩০৫, এম আর-৩৫১, বিসিজি-৩০৪।

	১ম ডোজ	২য় ডোজ	৩য় ডোজ	৪র্থ ডোজ	৫ম ডোজ
সাধারণ মহিলা-	১৫৬	২০৮	২০৭	১৮১	১৭৩
গর্ভবর্তী মহিলা-	১৪	১৯	১৪	২৩	৩৯

ডায়ারিয়া সংক্রান্ত তথ্য- আক্রান্ত-১৩০, মৃত-নেই। এ,আর,আই তথ্য-আক্রান্ত ২১৫, মৃত-নেই । ইওসি তথ্য-সাধারণ প্রসব-৯৯ জন, এ এন সি-১১৪, পি এন সি-৮৪, সিজার-নেই।

সিদ্ধান্ত ঃ (ক) স্বাস্থ্য কমপ্লেক্সসহ ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা সেবার মান আরও উন্নত করতে হবে।
(খ) বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখতে হবে।

(গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তারের শুন্য পদে ডাক্তার পদায়নের জন্য উর্ধতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণসহ ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(ii) কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি বিভাগের সম্প্রসারণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমান মাঠে ৬৭০ হেক্টর হাইব্রিড ১২৬৯৫ হেক্টর উফশী এবং ১৫ হেক্টর জমিতে স্থানীয় জাতের সর্বমোট ১৩৩৮০ হেক্টর জমিতে রোপা আমন ফসল রয়েছে। বর্তমানে ফসলের অবস্থা ভাল। মাঠে পোকা মাকড় (বাদামী গাছ ফড়িং, পাতা মোড়ানো পোকা, শীষ কাটা লেদা পোকা) ও রোগবালাই (বিএলবি) থেকে রোপা আমন ফসলকে রক্ষার জন্য উপজেলা ও ব্লক পর্যায়ে গঠিত পিপি স্কোয়ার্ড টিম, কৃষকদের নিয়ে একক ও দলীয় আলোচনা ও পরামর্শ প্রদান এবং লিফলেট বিতরনসহ সম্প্রসারণ কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া রোপা আমন ফসল প্রয়োজনীয় রসের অভাব পূরণে কৃষকদের সম্পূরক সেচ প্রদানের পরামর্শ অব্যাহত রয়েছে। তাছাড়া মাঠে বর্তমানে আলু, রসুন, করল্যাসহ বিভিন্ন সব্জী রোপন ও বপনের কাজ চলছে। ডিলার পর্যায়ে ইউরিয়া ও নন-ইউরিয়া সার পর্যাপ্ত মজুদ রয়েছে।

সিদ্ধান্ত (ক) পোকা মাকড় ও রোগবালাই থেকে রোপা আমন ফসলকে রক্ষার জন্য মাঠ পর্যায়ের বিএসসহ সককর্মকর্তাদের মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) রোপা আমন ফসলে প্রয়োজনীয় রসের অভাব পূরণে সম্পূরক সেচ প্রদানের জন্য কৃষকদের পরামর্শ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সার ও ডিজেলের যেন কোন সংকট না হয় সে বিষয়ে নিবিড় মনিটরিংসহ কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন মর্মেও সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঘ) কৃষি সম্প্রসারণ কার্যক্রম মাঠে বাস্তবায়নের নিমিত্তে উপ-সহকারী কৃষি অফিসারগণকে জোর তৎপরতা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) রোপা আমন ফসলকে রক্ষা করার জন্য মাঠ পর্যায়ে কর্মকর্তাগণকে (SAAO) ইউপি অফিসে বসে না থেকে আগামী ১৫ দিন মাঠে গিয়ে কৃষকদের পরামর্শ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(iii) শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, খানসামা উপজেলার ৫ম শ্রেণির ২য় মডেল টেস্ট পরীক্ষা গত ১১/১০/২০১৫ খ্রিঃ হতে ১৯/১০/২০১৫ খ্রিঃ পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়ের ১৪ টি কেন্দ্রে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হচ্ছে। সরকারি ও নব জাতীয়করণকৃত বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদোন্নতির জন্য সমন্বিত গ্রেডেশন তালিকা তৈরীর কার্যক্রম চলমান। প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৫ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ৬ টি কেন্দ্রে হল সুপার, সহকারী হল সুপার ও কক্ষ পরিদর্শক নিয়োগসহ বিভিন্ন কার্যক্রম চলমান। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার্থীর সংখ্যা ৪০৬৪ জন এবং ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার্থীর সংখ্যা ৩২১ জন। তিনি আরও জানান যে, খানসামা উপজেলায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়তে কার্যক্রম নির্ধারিত প্রমাপে চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ (ক) ৫ম শ্রেণীর ২য় মডেল টেস্ট পরীক্ষার ফলাফল দ্রুত ঘোষণার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সরকারি ও নব জাতীয়করণকৃত বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদন্নতির জন্য সমন্বিত গ্রেডেশন তালিকায় কোন শিক্ষক যাতে বাদ না পড়ে সেদিকে লক্ষ্য রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

(গ) প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৫ সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ৬ টি কেন্দ্রে নিয়োগকৃত হল সুপার, সহকারী হল সুপার ও কক্ষ পরিদর্শকগণ যাতে ১জন দুইটি গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করতে না করে সে বিষয়ে সজাগ থাকার সিদ্ধান্ত গৃহিত হলো।

(ঘ) খানসামা উপজেলার বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিদর্শনে শিক্ষার গুনগত মান যেন উন্নত হয় সে বিষয়ে লক্ষ্য রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।

(iv) প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় তার বিভাগের অক্টোবর ২০১৫ মাসের কাজের বিবরণ উপস্থাপন করেন।

(১) গবাদি পশু টিকা প্রদান-২৬৬০ টি, (২) হাস-মুরগী টিকা প্রদান-২২,২০০ টি, (৩) গবাদি পশুর চিকিৎসা প্রদান-৮৩৪ টি, (৪) হাস-মুরগীর চিকিৎসা প্রদান- ৫,৫০৫ টি, (৫) কৃত্রিম প্রজনন কাজ- ১৩৪ টি, (৬) কৃত্রিম প্রজননে বাচ্চা বন্ধ-৫০ টি।

এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

প্রাণি সম্পদ বিভাগের আলোচনায় ১নং আলোকঝাড়ী ইউ'পি চেয়ারম্যান জানান যে, বর্তমানে খুড়া এবং এনথ্রাক্স রোগের প্রাদুর্ভাব দেখা যাচ্ছে। এ রোগ দুইটির প্রতিরোধের লক্ষ্যে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে জানতে চাইলে উত্তরে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, যে সমস্ত গোবাদি পশু এখনও খুড়া রোগে আক্রান্ত হয়নি সে সমস্ত গোবাদি পশুকে মাঠ পর্যায়ে ভ্যাক্সিন দেয়া হচ্ছে। আর যে সমস্ত গোবাদি পশু খুড়া রোগে আক্রান্ত হয়েছে সেগুলোর জন্য অফিস থেকে বিনামূল্যে চিকিৎসা প্রদান করা হচ্ছে। এখানে উল্লেখ্য যে, এক এ্যাম্পুল ভ্যাক্সিন এর সরকারি মূল্য ১৬০/- টাকা যা কেবলমাত্র ১৬ (ষোল) টি গরুকে সেবন করা সম্ভব।

সিদ্ধান্ত ঃ (ক) খুড়া রোগ এবং এনথ্রাক্স রোগ প্রতিরোধে এবং আক্রান্ত গোবাদি পশুর যথাযথ চিকিৎসা প্রদানের লক্ষ্যে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।
(খ) গবাদি পশু ও হাঁস-মুরগীর টিকা ও চিকিৎসা প্রদানসহ অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।
(গ) বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ও সকল ইউ'পি চেয়ারম্যান, খানসামা, দিনাজপুর।

(v) সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

(vi) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ০৩ (তিন) টি Wash Block এর কাজ চলমান রয়েছে (PEDP-3 প্রকল্পের আওতায়)। এছাড়া ৩নং আঙ্গারপাড়াস্থ ইউনিয়নে উত্তর ছাতিয়ানগড় ও সুবর্ণখুলী প্রাথমিক বিদ্যালয়ে নতুন করে দুইটি Wash Block এর স্থাপনের কাজ শুরু হয়েছে। এছাড়া চলতি অর্থ বছরে এডিপি এর কোন বরাদ্দ পাওয়া যায়নি। জাতীয় স্যানিটেশন মাস ও বিশ্ব হাত ধোয়া দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, খানসামা উপজেলায় স্যানিটেশনের শতকরা হার ৯৫.৭৩% শতাংশ মাত্র।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), খানসামা, দিনাজপুর।

(vii) পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অপ্রধান শস্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ ও বাজার জাতকরণ শীর্ষক প্রকল্পের আওতায় ১১/১০/২০১৫ হতে ১৫/১০/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিন ব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে ৪০ (চল্লিশ) জন সুফল ভোগী অংশ গ্রহণ করেন। এছাড়াও বিআরডিবি এর দাপ্তরিক কার্যক্রম ঋণ বিতরণ ও ঋণ আদায় স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ (ক) বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।
(খ) বি আর ডিবি'র বিভাগীয় ঋণ আদায় জোরদার করার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(viii) যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, খানসামা উপজেলায় ও মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি ১ম ব্যাচ ও ২য় ব্যাচের অস্থায়ী কর্মসংস্থানের মেয়াদ শেষ হয়েছে। সফলভাবে অত্র উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সমাপ্ত হওয়ায় তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও ইউ'পি চেয়ারম্যানগণের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি আরও জানান ৬নং গোয়ালডিহি ইউনিয়নের দুবলিয়া গ্রামে ও ৩নং আঙ্গারপাড়া ইউ'পির আলোকডিহি গ্রামে ২টি ভ্রাম্যমান প্রশিক্ষণ ব্যাচ প্রস্তুত করা হয়েছে। এ দু'টি প্রশিক্ষণ চলতি মাসেই শুরু হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। খানসামা উপজেলায় এ পর্যন্ত যুব ঋণ বিতরণ করা হয়েছে ৭১,৬৮,০০০/- টাকা। আদায়যোগ্য ৬৩,২২,৭৭৯/- টাকা মাত্র। এ যাবত আদায় হয়েছে ৪৪,১৪,৬৮১/- টাকা মাত্র। আদায়ের হার ক্রমপুঞ্জিত ৭১%। খেলাপী রয়েছে ১৮,৬১,৮৩৬/- টাকা। খেলাপী টাকা আদায়ের জন্য তিনি সকল ইউ'পি চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ (ক) খেলাপী ঋণ আদায় জোরদার করার সিদ্ধান্ত গৃহিত হলো।
(খ) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(ix) পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন ঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা (পদাবিফা) সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম নিম্নোক্তভাবে উপস্থাপন করেন ঃ-

ক্রমিক নং	বিষয়	অগ্রগতি	মন্তব্য
০১	মোট সমিতি	৮৬ টি	
০২	মোট সদস্য	৩৮৯৫ জন	
০৩	মোট সঞ্চয়	৭৩.৪১ লক্ষ	
০৪	ক্ষুদ্র ঋণ বিতরণ	৬৫.২৫ লক্ষ	
০৫	ক্ষুদ্র ঋণ আদায়	৬৮.৫০ লক্ষ	
০৬	ঋণী সদস্য	২৯৭৮ জন	
০৭	ঋণ আদায়ের হার	৯৫%	
০৮	মেলা ঋণ বিতরণ	৪৫.৭০ লক্ষ	
০৯	মেলা ঋণ আদায়	৩৮.৮২ লক্ষ	
১০	মেলা ঋণী সদস্য	৮২ জন	
১১	মেলা ঋণ আদায়ের হার	৯৯%	
১২	সৌর শক্তি সর্বমোট বিক্রয়	৪৪৩ টি	

তিনি আরও জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবেই চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা (পদাবিফা), খানসামা, দিনাজপুর।

(x) প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামিন অবকাঠামো রক্ষণাবেক্ষকণ (টিআর) ও গ্রামিন অবকাঠামো সংস্কার (কাবিখা) খাতে কোন বরাদ্দ পাওয়া যায়নি। আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে জিআর খাতে মোট ৫৪.৬৩৭ মেট্রিকটন চাল বরাদ্দ পাওয়া যায়। এ উপজেলায় ০৬ (ছয়) টি ইউনিয়নে এ বছরে মোট দুর্গাপূজার সংখ্যা-১১০ টি। প্রাপ্ত জিআর চাল ইতোমধ্যে পূজা মন্ডপের বরাবরে বিভাজন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (ক) শারদীয় দুর্গাপূজা উপলক্ষে প্রাপ্ত জিআর চাল সঠিকভাবে বিতরণের বিষয়টি লক্ষ্য রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।
(খ) বিভাগীয় কাজ কর্ম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সকল ইউ, পি চেয়ারম্যান ও সকল তদারকি কর্মকর্তা, খানসামা,দিনাজপুর।

(xi) সমাজ সেবা বিভাগ ঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সমাজ সেবা বিভাগের মাঠ পর্যায়ের সকল ঋণ কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হয়ে আসছে। ডাঙ্গাপাড়া আশ্রয়ন এর কার্যক্রম ভালো হলেও জাহাঙ্গীপুর আশ্রয়ন প্রকল্পের ঋণ গ্রহীতাদের ঋণ পরিশোধের আগ্রহ খুবই কম। বাড়ি বাড়ি ঋণ আদায়ের জন্য গেলেও তারা পরিশোধের জন্য অন্যত্র পালিয়ে যায়। সামাজিক নিরাপত্তা খাতে সকল ভাতাদি, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধীসহ মুক্তিযোদ্ধা ভাতা সন্তোষজনকভাবে প্রদান করা হয়ে থাকে। গত ২০১৪-২০১৫ অর্থ বছরে খানসামা উপজেলা প্রতিবন্ধী ব্যক্তিদের ডাটা বেইজ প্রস্তুত করা হয়েছে। ডাটা বেইজে ১৮৩০ জন প্রতিবন্ধী সনাক্ত করা হয়েছে। বিভাগীয় কোন সমস্যা নেই মর্মে তিনি সভাকে অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ (ক) বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধন্ত গৃহিত হলো।
(খ) শত ভাগ ঋণ আদায় কার্যক্রম জোরদার করার সিদ্ধন্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(xii) মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা (ভাঃ প্রাঃ) সভায় জানান যে, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের উন্নয়ন খাতভূক্ত "জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদান প্রকল্প" কর্তৃক সারাদেশ ব্যাপী জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদানের কার্যক্রম প্রতি উপজেলায় পর্যায়ক্রমে চলমান রয়েছে। এ উপলক্ষে খানসামা উপজেলায় জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদানের লক্ষ্যে এ যাবত (আলোকঝাড়ী ইউনিয়নে ১৯৮ জন, ভেড়ভেড়ী ইউনিয়নে ২৪ জন, আঙ্গারপাড়া ইউনিয়নে ১৩৯ জন, খামারপাড়া ইউনিয়নে ৫৩ জন, ভাবকী ইউনিয়নে ১৬৫ জন ও গোয়ালডিহি ইউনিয়নে ৪২ জন) সর্বমোট ৬২০ জন জেলের খসড়া নিবন্ধন তালিকা সম্পন্ন করা হয়েছে। প্রাপ্ত খসড়া তালিকা এ মাসে উপজেলা মৎস্য কমিটির সভায় উপস্থাপন করতঃ যাচাই বাচাই অন্তে প্রকল্প পরিচালক মহোদয় বরাবরে প্রেরণ করা হবে। সেই সাথে আগামী ২৫ সেপ্টেম্বর থেকে ০৯ অক্টোবর ২০১৫ খ্রিঃ পর্যন্ত মোট ১৫ (পনের) দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ অথবা বিক্রয় নিষিদ্ধ ঘোষণা করা হয়েছিল। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা ও অত্র দপ্তরের

প্রচারনা, তদারকির কারনে খানসামা উপজেলায় আড়ৎ, হাট-বাজারে মা ইলিশসহ যাবতীয় ইলিশের উপস্থিতি পরিলক্ষিত হয়নি।

সিদ্ধান্ত ঃ (ক) জেলেদের নিবন্ধন ও পরিচয় পত্র প্রদানের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া তালিকা সঠিকভাবে যাচাই বাছাই পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান হয়।
(খ) বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(xiii) আনসার ও ভি, ডি, পি বিভাগ ঃ উপজেলা আনসার ও ভি,ডি,পি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভি,ডি,পি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(xiv) মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০১৬ শিক্ষা বর্ষে বিতরণের জন্য এ পর্যন্ত ৫৫% এর বেশী পাঠ্যপুস্তক তিনি পেয়েছেন। ১লা ডিসেম্বর ২০১৫ হতে প্রতিষ্ঠান সমূহে বই বিতরণের কাজ শুরু করা হবে। প্রতিষ্ঠানসমূহ আগামী ১লা জানুয়ারি ২০১৬ হতে ছাত্র ছাত্রীদের মাঝে বই বিতরণ করবে। এস, এস, সি, ও দাখিল নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে এবং তা নিয়মিত মনিটরিং করা হচ্ছে। অনলাই শিক্ষা জরীপ প্রতিষ্ঠানসমূহে শুরু হয়েছে।

সিদ্ধান্ত ঃ (ক) ২০১৬ শিক্ষা বর্ষের জন্য প্রাপ্ত পাঠ্যপুস্তক ছাত্র ছাত্রীদের মাঝে উল্লিখিত সময়ে বিতরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হলো।
(খ) বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজলো মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(xv) বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ বিভাগ ঃ সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় জানান যে, চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে আমন মৌসুমে খরা মোকাবেলায় ৭৯টি গভীর নলকূপ প্রস্তুত রয়েছে। বর্তমানে ৫৬টি গভীর নলকূপের মাধ্যমে ৮২৬ হেক্টর আমন আবাদ হয়েছে এবং ৫৬০ জন কৃষক উপকৃত হয়েছে। চলতি অর্থ বছরে নতুন ০৪ টি গভীর নলকূপ খনন করা হয়েছে যা বিদ্যুৎ সংযোগের অপেক্ষায় রয়েছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, খানাসামা, দিনাজপুর।

(xvi) পাট উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্য বিষয়ে আলোচনা করা সম্ভব হলো না।

(xvii) খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বোরো সংগ্রহ মৌসুমে ৩৪৮৮.০০০ মেট্রিক টন চালের বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত ৩৪৮৮.০০ মেট্রিক টন বোরো চাল সুষ্ঠুভাবে ক্রয় করা হয়েছে। বর্তমানে অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খানাসামা, দিনাজপুর।

(xviii) পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কর্মসূচী সন্তোষজনকভাবে সম্পন্ন হচ্ছে। অতঃপর তিনি সেপ্টেম্বর ২০১৫ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন সভায় নিম্নভাবে উপস্থাপন করেন।

রেজুলেশন

অস্থায়ী পদ্ধতি ঃ

খাবার বড়ি			কন্ডম			ইনজেকশন		
প্রজেকশন	অর্জন	অর্জনের হার %	প্রজেকশন	অর্জন	অর্জনের হার %	প্রজেকশন	অর্জন	অর্জনের হার %
১৪০৩	১০৪৯	৭৪.৭৬%	২০১	৩৫.৭৬	১৭.৭৯%	৫৬৯	৩৬৮	৬৪.৪৯%

দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতি ঃ

আইইউডি			ইমপ্লান্ট			স্থায়ী		
প্রজেকশন	অর্জন	অর্জনের হার %	প্রজেকশন	অর্জন	অর্জনের হার %	প্রজেকশন	অর্জন	অর্জনের হার %
৪১	১৫	৩৭%	৪৪	৪৭	১০৬%	৫৬	৩৯	৭০%

উপজেলার মোট সক্ষম দম্পতি ঃ ৪১,২৯৪ জন।
উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ঃ ৩২,২৭৫ জন।
পদ্ধতি গ্রহণকারীর হার % ঃ ৭৮.১৫%।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(xix) পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (অঃ দাঃ) সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে এবং গতিশীল রয়েছে। গত ০১/১০/২০১৫ খ্রিঃ তারিখে মাঠ পর্যায় হতে কৃষকের সাক্ষাৎকারের ভিত্তিতে কৃষি মজুরীর তথ্য জেলা অফিসে প্রেরণ করা হয়েছে। ০৪/১০/২০১৫ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়য়ে আউশ, অন্যান্য ভাদই দানা, ভাদইশন পাট, তুত, ঢেড়স. গ্রীঃ পশু খাদ্য, পানি, ফল ও ১৩টি দাগ গুচ্ছ হতে আমন ফসলের তথ্য সংগ্রহ পূর্বক জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। ০৭/১০/২০১৫ খ্রিঃ তারিখে মাঠ পর্যায়ে আমন ফসলের তথ্য ১৩টি দাগগুচ্ছ হতে সংগ্রহ পূর্বক জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। ১২/১০/২০১৫ খ্রিঃ তারিখে গ্রীস্মকালীন মিষ্টি কুমড়া, বরবটি, কাঁচা কালাও পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচের হিসাব মাঠ পর্যায় হতে সংগ্রহ করে জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (অঃ দাঃ), খানসামা, দিনাজপুর।

(xx) বন বিভাগ ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, খানসামা সামাজিক বনায়ন, প্লান্টেশন সেন্টার, সভায় জানান যে, মাঠ পর্যায়ে তেমন কোন সমস্যা নেই। তবে বন বিভাগীয় বরাদ্দ না থাকায় দীর্ঘদিন যাবৎ নার্সারীর ঘেরাবেড়া থেকে শুরু করে কোন রকমের মেরামত ও মাটি ভরাটের কাজ কর্ম হয়নি। অল্প বৃষ্টিতেই বৃষ্টির পানি জমা এবং ঘেরাবেড়ার অভাবে নার্সারীতে চারা উত্তোলন করা সম্ভব হচ্ছে না।

সিদ্ধান্ত ঃ (ক) নার্সারীর অভ্যন্তরে বৃষ্টির পানি যাতে জমে না থাকে সে জন্য পরিমাপ অনুযায়ী মাটি ভরাট করার লক্ষ্যে বরাদ্দ প্রদানের জন্য উর্দ্ধতন কর্মকর্তার সঙ্গে বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা যোগাযোগ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।
(খ) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ভারপ্রাপ্ত কর্মকর্তা, খানসামা সামাজিক বনায়ন, প্লান্টেশন সেন্টার, খানসামা, দিনাজপুর।

(xxi) মহিলা বিষয়ক বিভাগ ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় শিশু কন্যা দিবস ২০১৫ উপজেলায় যথাযথভাবে উদযাপন করা হয়। দিবস উদযাপনে সকলের আন্তরিক সহযোগিতা প্রদানের জন্য তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সেপ্টেম্বর ২০১৫ মাসে খানসামা উপজেলার সকল ভিজিডি সুবিধাভোগী মহিলাকে ৩০ কেজির বস্তায় খাদ্য বিতরণ সম্পন্ন করা হয়েছে। আগামীতেও ৩০ কেজির বস্তায় ভিজিডি কার্ড ধারীদের মাঝে চাল বিতরণ নিশ্চিত করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। খানসামা উপজেলায় ২০১৪-২০১৫ অর্থ বছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় (প্রতি ইউনিয়নে ২২ জন করে) মোট ১৬২ জন সুবিধাভোগী নির্বাচন করা হয়। ২০১৫-২০১৬ অর্থ বছরে (প্রতি ইউনিয়নে ২৯ জন করে ৬টি ইউনিয়নে) মোট ১৭৪

জন দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতাভোগী নির্বাচনের সদয় নির্দেশনা পাওয়া যায়। তিনি এ কাজে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এ দপ্তরের মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের (WTC) প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। মহিলাদের আত্ন কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমে অনেক ঋণ গ্রহীতা নিয়মিত ঋণ পরিশোধ করছেন মর্মে তিনি সভাকে অবহিত করেন। সেই সাথে নতুন ভাবে কিছু মহিলাকে ঋণ প্রদান করা যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সিদ্ধান্ত ঃ (ক) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

(xxii) <u>খানসামা থানা ঃ</u> আফিসার-ইন-চার্জ, খানসামা থানা সভায় জানান যে, উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে। তিনি আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক ও শান্তিপূর্ণ রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক ও শান্তিপূর্ণ রাখার জন্য সকলকে সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ অফিসার-ইন-চার্জ, খানসামা থানা, সকল ইউ'পি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল, খানসামা, দিনাজপুর।

(xxiii) <u>প্রকৌশল বিভাগ ঃ</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নবনির্মিত পরিষদ ভবন ও অডিটোরিয়াম ভবন এর সর্বশেষ কাজের অগ্রগতিসহ উপজেলা পরিষদ কার্যালয়ে আগমন প্রস্থানের মোট ০৩ (তিন) টি গেট নির্মাণ বিষয়ে গত সভায় প্রাথমিকভাবে আলোচনা করা হয়েছে। এ সকল কাজের অগ্রগতির বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলীর নিকট জানতে চাইলে উপজেলা প্রকৌশলী তার বক্তব্যে জানান যে, (ক) উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্পের আওতায় খানসামা উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজের সংশোধিত প্রাক্কলন পরিচালক, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর ঢাকা'য় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। খুব শিঘ্রই অনুমোদন পাওয়া যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অনুমোদন প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যেই সম্প্রসারণ ভবন ও হলরুম হস্তান্তর করবেন মর্মেও তিনি সভাকে অবহিত করেন। (খ) উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে উত্তর পশ্চিম ও অন্যান্য দিকে গেট নির্মাণ করা আবশ্যক সেই সাথে অবশিষ্ট নিরাপত্তা প্রাচীরের কাজ সম্পন্ন করা প্রয়োজন। ইহা ছাড়াও উপজেলা পরিষদে ঢোকার পথে প্রধান রাস্তার শুরুতে একটি ফটক নির্মাণ করা প্রয়োজন মর্মেও তিনি সভাকে অবহিত করেন। (গ) উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর মহোদয় গত ০৮/১০/২০১৫ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ পরিদর্শন করেন। পরিদর্শনের সময় উপজেলা পরিষদের পানির পাইপ লাইন ও অন্যান্য সমস্যার কথা তাঁর নিকট অবগত করানো হলে তিনি সুনির্দিষ্ট প্রস্তাব রাখার জন্য অনুরোধ করলে তাঁকে তৎক্ষণাৎ জানানো হয় যে, উপজেলা পরিষদের প্রতিটি আবাসিক ভবনে ও অফিস সমূহে পৃথক পৃথক পানির পাম্প স্থাপন করার জন্য প্রস্তাব করা হয়। উপপরিচালক মহোদয় প্রথমে বিশেষ করে কয়েকটি ভবনে পৃথক পৃথক পানির পাম্পসহ লাইন স্থাপন করার ও পুরাতন পানির পাইপ লাইন নতুবভাবে স্থাপন করার জন্য পরামর্শ প্রদান করেন। (ঘ) ২০১৫-২০১৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)তে ১ম কিস্তিতে ৯,৭৫,০০০/- (নয়লক্ষ পচাত্তর হাজার) টাকা মাত্র বরাদ্দ পাওয়া যায়। একই নিয়মে ০৪ (চার) কিস্তিতে বরাদ্দ পাওয়া গেলে মোট ৩৯,০০,০০০/- (উনচল্লিশ লক্ষ) টাকা মাত্র পাওয়া যাবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সেই আলোকে প্রকল্পসমূহ গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে উপজেলা পরিষদকে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য অনুরোধ জানান। (ঙ) খামার বিষ্ণুগঞ্জ ডাক্তার পাড়ায় মসজিদের রাস্তাটি প্রায় সময় অল্প বৃষ্টিতে কাদামাটিতে ডুবে থাকে ফলে মুসুল্লীদের নামাজ আদায় করতে যাওয়া অসুবিধা হয়। মুসুল্লীদের যাতায়াতের সুবিধার্থে ও জনস্বার্থে উক্ত রাস্তাটি পাকা করণের জন্য ৩,০০,০০০/- (তিন) লক্ষ টাকার প্রাথমিক কাজ শুরু করার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। এই প্রকল্পের ব্যয় বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে নির্বাহ করা যেতে পারে। যা RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

উল্লিখিত বিষয়গুলি নিয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়। এডিপি বরাদ্দ এবং প্রকল্প গ্রহণের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার পৃথক পৃথকভাবে কিছু প্রকল্প গ্রহণের জন্য নিম্নোক্তভাবে প্রকল্প প্রস্তাব রাখেন।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বলেন, ২০১৫-১৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হবে মর্মে উল্লেখ করেন। তিনি বলেন উপজেলা পরিষদ হতে কৃষি, শিক্ষা অবকাঠামো, মানব সম্পদ উন্নয়ন, নারী উন্নয়ন, পর্যটন, সমাজ সেবা ও প্রতিবন্ধী শিশুদের শিক্ষার উন্নয়ন, জনস্বাস্থ্য ও খেলাধুলার উন্নয়নে প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, ২০১৫-১৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বিভিন্ন কর্মসূচির মধ্যে বিষমুক্ত সব্জির চাষ, পিএসসি, জেএসসি ও এসএসসি কেন্দ্রগুলোর জন্য বেঞ্চ প্রদান, মানব সম্পদ উন্নয়নের ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে দক্ষ যুবশক্তি গঠনে ৩০ জন যুবকদের ফ্রি ল্যান্সিং এর বিষয়ে প্রশিক্ষণ প্রদান। বাল্য বিবাহের ঝুকিপূর্ণ মেয়েদের শিক্ষা উপকরণসহ বিশেষ প্রশিক্ষণ প্রদান মাধ্যমিক পর্যায়ের বিশেষ চাহিদা সম্পন্ন ছাত্র ছাত্রীদের Assistive Device প্রদান, খানসামা সেতুর পূর্ব পারে গোল চত্বরে ফোয়ারা স্থাপন ও অন্যান্য সুদৃশ্য অবকাঠামো নির্মাণ, আশ্রয়ণ প্রকল্প সমূহে স্বাস্থ্যসম্মত পায়খানা নির্মাণ, উপজেলা পরিষদের সংযোগকারী রাস্তায় আরসিসি গাইড ওয়াল নির্মাণ এবং খেলাধুলা ও সাংস্কৃতিক উন্নয়নে প্রকল্প গ্রহণ করা হবে।

উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত প্রকল্পগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্পগুলো বাস্তবায়ন করার পক্ষে উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন। তারা জানান খানসামার উন্নয়ন কল্পে এ ধরনের বাস্তবমুখী প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ (ক) আলোচনা মতে ০৩ (তিন) গেট তৈরীর ডিজাইন এবং প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান হলো।

(খ) উপজেলা প্রকৌশলীর প্রস্তাব মতে এডিপি'র বরাদ্দের অর্থ খাত ভিত্তিক বিভাজন করে বিধি মোতাবেক প্রকল্প প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য আগামী সভায় উপস্থাপনের অনুরোধ জানানো হয়। উল্লেখ্য খামার বিষ্ণুগঞ্জ ডাক্তার পাড়ায় মসজিদের রাস্তার প্রকল্প, উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত প্রকল্পগুলো এডিপি বরাদ্দের আওতায় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর।

(xxiv) <u>নির্বাচন অফিস</u> ঃ উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম নিয়ে আলোচনা করা সম্ভব হলো না।

০৩। <u>বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত</u> ঃ (i) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ভাইস চেয়ারম্যানদ্বয় এবং সকল উপজেলা কর্মকর্তাগণকে স্থায়ী কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান করার জন্য অনুরোধ জানান। উপজেলা পরিষদ ম্যানুয়ালে স্থায়ী কমিটির সভার বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে কিন্তু দুঃখের বিষয় এ উপজেলায় স্থায়ী কমিটির সভা কোন মাসেই নিয়মিত হচ্ছে না। তিনি নিয়মিত স্থায়ী কমিটির সভা করার জন্য ভাইস চেয়ারম্যানদ্বয়কে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ নিয়মিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয় এবং উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।

(i i) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ০১ (এক) টি স্টীল আলমিরা, ০৪ (চার) টি চেয়ার ও ০১ (এক) টি টেবিল ক্রয় করা প্রয়োজন। বিষয়টি সভায় বিশদ আলোচনার পর আপাতত উপজেলা রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদ অফিসের ব্যবহারের জন্য বর্ণিত আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। যা মন্ত্রণালয় হতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সমন্বয়ের সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ০১ (এক) টি স্টীল আলমিরা, ০৪ (চার) টি চেয়ার ও ০১ (এক) টি টেবিল ২৫,০০০/- (পচিশ হাজার) টাকার মধ্যে ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

(i i i) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ইতোমধ্যেই (১) বঙ্গবন্ধু আন্ত উপজেলা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০১৫ এবং (২) বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০১৫ সমাপ্ত হয়েছে। বঙ্গবন্ধু আন্ত উপজেলা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০১৫ উপলক্ষে ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এর অনুরোধক্রমে ০২ (দুই) কিস্তিতে মোট ৭০,০০০/- (সত্তুর হাজার) টাকা এবং বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০১৫ উপলক্ষে ১৫,০০০/- (পনের হাজার) টাকা সর্বমোট (৭০,০০০/-+১৫,০০০/-) = ৮৫,০০০/- (পচাশি হাজার) টাকা উপজেলা রাজস্ব খাত হতে কর্জ হিসেবে প্রদান করা হয়েছে। উল্লেখ্য এডিপি বরাদ্দের ক্রীড়া উপখাত থেকে উক্ত অর্থ রাজস্ব খাতে সমন্বয় করার সিদ্ধান্ত রয়েছে। এমতাবস্থায়, উক্ত সমুদয় অর্থ এডিপি খাতের বিভাজন থেকে উপজেলা রাজস্ব খাতে সমন্বয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

(iv) উপজেলা উন্নয়ন মেলা উদযাপন উপলক্ষে প্রচার, ব্যানার, আলোচনা সভা, স্টল তৈরী বাবদ প্রায় ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ব্যয় করা হয়েছে। যার মধ্যে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পত্র নং-১১১৩, তারিখ-১০/০৯/২০১৫ খ্রিঃ মতে কেবল মাত্র ২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন উপজেলা পরিষদ তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত থাকায় (পরিপত্র সংযুক্ত) উপজেলা উন্নয়ন মেলায় ব্যয় বিলের ২০,০০০/- (বিশ হাজার) টাকা রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

(v) মাননীয় মন্ত্রী মহোদয়ের প্রতিনিধি হিসেবে অদ্যকার সভায় তার ছোট ভাই জনাব মোঃ শামীম আহমেদ উপস্থিত রয়েছেন। সভার পক্ষ থেকে উপজেলা চেয়ারম্যান তাঁকে শুভেচ্ছা জানান। এর পরিপ্রেক্ষিতে জনাব মোঃ শামীম আহমেদ উপস্থিত সদস্যদের ঈদ-উল-আযহা ২০১৫ উদযাপন উপলক্ষে এবং আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০১৫ উদযাপন উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানান। আসন্ন দুর্গাপূজা যেন সুষ্ঠু, সুন্দর ও ধর্মীয় ভাবগাম্ভীর্য সহকারে উদযাপিত হয় সে বিষয়ে উপস্থিত সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

পরিশেষে, সভাপতি উপজেলার সার্বিক উন্নয়নের লক্ষ্যে উপস্থিত সকলকে আন্তরিক হওয়ার পরামর্শ প্রদানপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ সহিদুজ্জামান শাহ্)
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

উপজেলা পরিষদ কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং ঃ ০৫.৫৫.২৭৬০.০০০.২৫.০০১.১৫- /৫০(৬) **তারিখ ঃ ২২/১০/২০১৫ খ্রিঃ।**

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে) প্রেরণ করা হলো ঃ

০১। জনাব আবুল হাসান মাহমুদ আলী,এম,পি ও মাননীয় মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৭। উপজেলা...কর্মকর্তা,খানসামা, দিনাজপুর।
০৮। চেয়ারম্যান, ... নং..ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৯। জনাব / বেগম ....সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
১০। সংশ্লিষ্ট নথি।

২২.১০.২০১৫

(মোঃ সাজেবুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
ফোনঃ ০৫৩৩২- ৫৬০০১ (অঃ)।
মেইল ঃ unokhansama@mopa.gov.bd

২২/১০/১৫